CHANDPUR SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY
Kholishaduli, Wapda Gate, Cumilla Road, Chandpur Sadar,
Chandpur-3600, Bangladesh

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর,
চাঁদপুর-৩৬০০, বাংলাদেশ

Phone: +880-2-334485908, Email: info@cstu.ac.bd, Web: www.cstu.ac.bd

স্মারক নং- চাঁবিপ্রবি/রেজি./নিয়োগ/কর্মকর্তা-কর্মচারী-২/২০২৬/১৭২৭

তারিখঃ ১২ কার্তিক ১৪৩৩
২৮ অক্টোবর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	দপ্তর/বিভাগ, পদসংখ্যা, গ্রেড ও বেতন স্কেল (২০২৬)	শর্তাবলী
০১	সহকারী রেজিস্ট্রার	রেজিস্ট্রার দপ্তর: ০১টি গ্রেড নং-৭ বেতন স্কেল ৳: ৫৮,০০০-১,২৬,৮০০/-	আবেদনকারীকে https://jobs.cstu.ac.bd ওয়েবসাইটে গিয়ে প্রয়োজনীয় সকল কাগজপত্রের Scanned pdf copy ও আবেদন ফি সহ ২৯/১০/২০২৬ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে ১২/১১/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: https://www.cstu.ac.bd অথবা www.jobs.cstu.ac.bd- এ Notice সেকশন থেকে কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিস্তারিত বিবরণ সংগ্রহ করা যাবে। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রের Scanned pdf copy সংযুক্ত করতে হবে- (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্র, অভিজ্ঞতা সনদ (যদি থাকে), প্রকাশনা ও অন্যান্য (খ) সদ্য তোলা ৩০০×৩০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের ছবি (jpg file) (গ) ৩০০×১০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের স্বাক্ষর (ঘ) জাতীয় পরিচয়পত্র (ঙ) চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন গ্রহণ করা হবে না। ক্রেডিট কার্ড/অনলাইন ব্যাংকিং/ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ০১ থেকে ০২ নং পদের জন্য আবেদন ফি ২০০/- (দুইশত) টাকা, ০৩ নং পদের জন্য আবেদন ফি ১০০/- (একশত) টাকা, ০৪ নং পদের জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা এবং সকল গ্রেড (অনগ্রসর নাগরিক: ক্ষুদ্র নৃ- গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) এর জন্য আবেদন ফি ৫০/- (পঞ্চাশ) টাকা (সার্ভিস চার্জ ব্যতীত) পরিশোধ করতে হবে।
০২	পিও টু ভিসি/প্রশাসনিক কর্মকর্তা	উপাচার্য মহোদয়ের দপ্তর: ০১টি গ্রেড নং-১০ বেতন স্কেল ৳: ৩২,০০০-৭৭,৩০০/-	
০৩	অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট	উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর: ০১টি গ্রেড নং-১৬ বেতন স্কেল ৳: ২১,৯০০-৫২,৯০০/-	
০৪	অফিস সহায়ক	উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর: ০১টি গ্রেড-২০ বেতন স্কেল ৳: ২০,০০০-৪৮,৪০০/-	

প্রয়োজনীয় নির্দেশনাবলীঃ

- আগ্রহী প্রার্থীকে আগামী ১২/১১/২০২৬ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিটের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।
- প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম, দপ্তরের নাম ও Application ID সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক Online -এ Generated আবেদনপত্র, Payment receipt, ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১ হতে ০২ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং- ০৩ হতে ০৪ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ১৭/১১/২০২৬ তারিখ বিকেল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে 'রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০'- এর বরাবর পৌঁছাতে হবে। অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার তারিখ ই-মেইল/এসএমএস/ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- সাক্ষাৎকারের সময় সকল সনদের মূল কপি ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
- অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৮/১০/২০২৬
(মোঃ আল মামুন)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:-

০১। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি;
০২। পিও টু প্রো-ভিসি, (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), চাঁবিপ্রবি;
০৩। রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়;
০৪। পরিচালক, আইসিটি সেল,চাঁবিপ্রবি;
(বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধসহ);
০৫। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা;
০৬। অফিস কপি/সকল নোটিশ বোর্ড;

CHANDPUR SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY
Kholishaduli, Wapda Gate, Cumilla Road, Chandpur Sadar,
Chandpur-3600, Bangladesh

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর,
চাঁদপুর-৩৬০০, বাংলাদেশ

Phone: +880-2-334485908, Email: info@cstu.ac.bd, Web: www.cstu.ac.bd

তারিখঃ ২৮/১০/২০২৬ ইং

কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ

ক্রমিক নং	পদের নাম, পদসংখ্যা, গ্রেড ও বেতন স্কেল (২০২৬)	দপ্তর/বিভাগ	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	**সহকারী রেজিস্ট্রার** ০১টি পদ গ্রেড নং- ৭ বেতন স্কেল ৮: ৫৮,০০০-১,২৬,৮০০/-	রেজিস্ট্রার দপ্তর	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএ সহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে কমপক্ষে মাস্টার্স বা এইচ এস সি এর পর ৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রিধারী অথবা বি এস সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী এবং প্রশাসনিক অফিসার (গ্রেড নং-৯) বা সমমানের পদে অর্থাৎ ১ম শ্রেণির পদে প্রশাসনিক কাজে কমপক্ষে ৪ (চার) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এবং ডাটাবেস-এর কাজে অভিজ্ঞ ও সক্ষম এবং বিশ্ববিদ্যালয়/গবেষনা বা অনুরূপ কোনো প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সম্পন্ন হইলে অগ্রাধিকার প্রদান করা হইবে।
০২	**পিও টু ভিসি/ প্রশাসনিক কর্মকর্তা** ০১টি পদ গ্রেড নং- ১০ বেতন স্কেল ৮: ৩২,০০০-৭৭,৩০০/-	উপাচার্য মহোদয়ের দপ্তর	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএ সহ কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হইতে হইবে।
০৩	**অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট** ০১টি পদ গ্রেড-১৬ বেতন স্কেল ৮: ২১,৯০০-৫২,৯০০/-	উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর	প্রার্থীকে সকল পর্যায়ে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী বা ইহার সমতুল্য জিপিএ/সিজিপিএ সহ কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে এইচএসসি পাস সহ কম্পিউটারে বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে কমপক্ষে যথাক্রমে ৩০ (ত্রিশ) ও ৪০ (চল্লিশ) শব্দ টাইপ করার যোগ্যতা থাকিতে হইবে। দাপ্তরিক কাজ সহ কম্পিউটার পরিচালনা, ডাটা এন্ট্রি, ওয়ার্ড প্রসেসিং ও স্প্রেডশীট ব্যবহারে দক্ষতা থাকিতে হইবে।
০৪	**অফিস সহায়ক** ০১টি পদ গ্রেড-২০ বেতন স্কেল ৮: ২০,০০০-৪৮,৪০০/-	উপ-উপাচার্য মহোদয়ের দপ্তর	প্রার্থীকে কোনো স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এস এস সি বা ইহার সমতুল্য পরীক্ষায় পাস হইতে হইবে। কম্পিউটার পরিচালনায় পারদর্শী ও সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে।

সাধারণ নিয়ামাবলি ও সংজ্ঞাঃ

১. আগ্রহী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত কপি, অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি (যদি থাকে), জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, প্রকাশনা ও অন্যান্য, সদ্য তোলা ৩০০×৩০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের ছবি (jpg file), ৩০০×১০০ পিক্সেল ও অনূর্ধ্ব ২০০ কিলোবাইট সাইজের স্বাক্ষর, চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্রের কপি আপলোড করতে হবে।

২. প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম, দপ্তরের নাম ও Application ID সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক Online -এ Generated আবেদনপত্র, Payment receipt, ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সকল সনদপত্র ও অন্যান্য ডকুমেন্ট (সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধনপত্র, সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান প্রদত্ত চরিত্র সম্পর্কিত প্রসংশাপত্র, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্রাদি ও নম্বরপত্রের সত্যায়িত কপি) এর হার্ড কপি ক্রমিক নং- ০১

CHANDPUR SCIENCE AND TECHNOLOGY UNIVERSITY
Kholishaduli, Wapda Gate, Cumilla Road, Chandpur Sadar,
Chandpur-3600, Bangladesh

চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর,
চাঁদপুর-৩৬০০, বাংলাদেশ

Phone: +880-2-334485908, Email: info@cstu.ac.bd, Web: www.cstu.ac.bd

হতে ০২ এ বর্ণিত পদের জন্য ০৭ সেট এবং ক্রমিক নং- ০৩ হতে ০৪ এ বর্ণিত পদের জন্য ০৫ সেট করে পূর্ণাঙ্গ আবেদন আগামী ১৭/১১/২০২৬ তারিখ বিকেল ৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি অথবা ডাকযোগে/কুরিয়ারের মাধ্যমে 'রেজিস্ট্রার, চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অস্থায়ী ক্যাম্পাস: হোল্ডিং নং: ০৯৩৭-০২, খলিশাডুলি, ওয়াপদা গেইট, কুমিল্লা রোড, চাঁদপুর সদর, চাঁদপুর-৩৬০০'- এর বরাবর পৌঁছাতে হবে। অন্যথায় আবেদনটি বাতিল বলে গণ্য হবে।

৩. চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৪. প্রার্থীর পূর্ববর্তী অভিজ্ঞতা থাকলে অবশ্যই আবেদনের সময় সকল প্রতিষ্ঠানের অভিজ্ঞতা সনদ/অভিজ্ঞতাসহ অব্যাহতিপত্র/NOC দাখিল করতে হবে। অন্যথায় উক্ত অভিজ্ঞতা গণনা যোগ্য বিবেচিত হবে না।

৫. এন্ট্রি পদে বয়সসীমা ৩২(বত্রিশ) বছর।

৬. আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে তথ্য দেয়া হবে চাকরিতে যোগদানের পর পূর্বে অর্জিত অতিরিক্ত কোনো যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণ করা হবে না। আবেদনের তারিখে কোনো কোর্স চলমান থাকলে বা কোনো কোর্সের ফলাফল প্রক্রিয়াধীন থাকলে তা আবেদনপত্রে অবশ্যই উল্লেখ করতে হবে এবং নিয়োগ সংক্রান্ত সুপারিশ কমিটির নিকট প্রদর্শন করতে হবে।

৭. অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করিতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করিতে বাধ্য থাকিবে না।

৮. আবেদনকারী অসত্য তথ্য/তথ্য গোপন/নকল/জাল সনদ জমা প্রদানসহ অন্য যেকোনো প্রকার জালিয়াতির আশ্রয় নিলে তা আবেদন/চাকরির যেকোনো পর্যায়ে কর্তৃপক্ষের দৃষ্টিগোচর হলে কর্তৃপক্ষ তার আবেদন বাতিল/চাকরি হতে অব্যাহতি সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

৯. সাক্ষাৎকারে অংশগ্রহণের সময় আবেদনকারীকে সকল সনদ ও সংশ্লিষ্ট পত্রাদির মূল কপিসহ উপস্থিত থাকতে হবে।

১০. কোটা সংরক্ষণের বিষয়ে সরকারি সর্বশেষ নির্দেশনা অনুসৃত হইবে।

১১. সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নিয়োগ পাওয়ার পর নিজ কিংবা পরিবারের কোনো সদস্যের জন্য যৌতুক নিবেন না এবং দিবেন না মর্মে 'অঙ্গীকারনামা' প্রদান করতে হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৩. অভিজ্ঞতা বলতে সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত সংস্থা/সেক্টর কর্পোরেশন ইত্যাদি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা বোঝাবে। কোনো প্রাইভেট/ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের কাজের অভিজ্ঞতাকে অভিজ্ঞতা হিসাবে গণ্য করা হবে না।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৮/১০/২০২৬
(মোঃ আল মামুন)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- চাঁবিপ্রবি/রেজি./নিয়োগ/কর্মকর্তা-কর্মচারী-২/২০২৬/১৭২৭

তারিখঃ ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) অনুলিপি:-

০১। পিএস টু ভিসি (সহকারী রেজিস্ট্রার), উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য, চাঁবিপ্রবি;
০২। পিও টু প্রো-ভিসি, (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), চাঁবিপ্রবি;
০৩। রেজিস্ট্রার, সকল পাবলিক বিশ্ববিদ্যালয়;
০৪। পরিচালক, আইসিটি সেল,চাঁবিপ্রবি;
(বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধসহ);
০৫। পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা;
০৬। অফিস কপি/সকল নোটিশ বোর্ড;